

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
কোয়ালিটি ইম্প্রুভমেন্ট সেক্রেটারিয়েট
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট

১৪/২ তোপখানা রোড (৪র্থ তলা), ঢাকা-১০০০

স্মারক নং: স্বাপকম/হেলথ-ইকন/QIS/Jhenaidah/৭৩২/২০১৬/ ৭৭৮

তারিখ : ১৩/০৯/২০১৮ খ্রি:

অফিস আদেশ

সার্বজনীন স্বাস্থ্য সেবা অর্জনের লক্ষ্যে মানসম্মত স্বাস্থ্য সেবা কার্যক্রম অধিকতর কার্যকরভাবে বাস্তবায়নের জন্য স্বাস্থ্য পরিবার কল্যাণ মন্ত্রণালয় Community Participation এর মডেল প্রনয়ন করেছে এবং মডেলটি ১০টি জেলায় পাইলটিং হচ্ছে। এই কার্যক্রম জেলা পর্যায়ে পরিচালনা ও উন্নয়নের লক্ষ্যে হাসপাতাল কর্তৃপক্ষকে সহায়তা প্রদান, স্থানীয় প্রশাসন ও জনপ্রতিনিধিদের সংশ্লিষ্টতা বৃদ্ধি এবং হাসপাতাল পরিচালনায় আর্থিক ও অন্যান্য বাধাসমূহ দূরীকরণে সহায়তার জন্য কার্যকরী Approach হিসাবে কাজ করবে। Community Participation কার্যক্রম ধামরাই উপজেলায় সম্প্রসারণের অংশ হিসাবে চিকিৎসা ব্যবস্থাপনা Support কমিটি গঠনের মাধ্যমে কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করা হল।

Community Support কমিটি :

| | |
|--|--------------|
| ক) উপজেলা চেয়ারম্যান / মেয়র- | চেয়ার পারসন |
| খ) সদর আসনের মাননীয় সংসদ সদস্যের প্রতিনিধি | সদস্য |
| গ) UNO এর প্রতিনিধি | সদস্য |
| ঘ) উপজেলা / থানার প্রতিনিধি | সদস্য |
| ঙ) প্রেস ক্লাব এর প্রতিনিধি | সদস্য |
| চ) এনজিও এর প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ছ) সুশীল সমাজ এর প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত - ৬ জন) | সদস্য |
| জ) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য সচিব |

কমিটির কার্যপরিধি:

- ১। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মান সম্মত সেবা কার্যক্রম পরিচালনার জন্য বিশেষ করে চিকিৎসার পরিবেশ রক্ষা, পরিষ্কার পরিচ্ছন্নতা, শৃংখলা ও নিরাপত্তা নিশ্চিতকরণ কার্যক্রম পরিচালনায় হাসপাতাল কর্তৃপক্ষকে সহায়তা প্রদান।
- ২। চিকিৎসা সেবার চাহিদা পূরণ ও উন্নয়নের লক্ষ্যে সরকারী বরাদ্দের পাশাপাশি স্থানীয় দাতা এবং হিতৈষী ব্যক্তি ও প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট করা এবং তাদের সহায়তায় একটি কমিউনিটি সাপোর্ট তহবিল গঠন এবং এ বিষয়ে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী তহবিল পরিচালনা।
- ৩। চিকিৎসা সেবার চাহিদা পূরণে সমস্যা চিহ্নিত করা এবং স্থানীয় ভাবে তা সমাধানের লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ।
- ৪। সরকারী বরাদ্দ ও সম্পদের সর্বোত্তম ব্যবহার ও রক্ষণাবেক্ষণ নিশ্চিতকরণে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কর্তৃপক্ষকে সহায়তা প্রদান।
- ৫। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কর্মরত চিকিৎসক, নার্স ও অন্যান্য কর্মকর্তা কর্মচারীদের সেবা প্রদান কাজে উৎসাহ প্রদান এবং দায়িত্বপালনে গঠনমূলক পরামর্শ প্রদান।
- ৬। কমিটি প্রয়োজনে যে কোন সদস্যকে Co-opt করতে পারবে।

U. A. Hasan 13.9.18

(ডা: মো: আমিনুল হাসান)

ফোকাল পার্সন

কোয়ালিটি ইমপ্রুভমেন্ট সেক্রেটারিয়েট

স্বাস্থ্য অর্থনীতি ইউনিট

বিতরণ: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

- ১। মেয়র, ধামরাই উপজেলা, ঢাকা।
- ২। সিভিল সার্জন, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ১। অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, ঢাকা।
- ৫। পুলিশ সুপার, ঢাকা।
- ৬। অফিস কপি।